

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯৩
আগরতলা, ৭ ডিসেম্বর, ২০২৩

সশস্ত্র বাহিনীর পতাকা দিবস তহবিলে রাজ্যপালের অর্থ দান



রাজভবনে আজ বিকেলে সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথুকে সৈনিক কল্যাণ বোর্ডের ত্রিপুরার অধিকর্তা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জে পি তিওয়ারি পতাকা পরিয়ে দেন। রাজ্যপাল সশস্ত্র বাহিনীর পতাকা দিবস তহবিলে অর্থও দান করেন। এ উপলক্ষে দেশের প্রতি সশস্ত্র সেনা জওয়ানদের ত্যাগ ও সাহসের জন্য রাজ্যপাল তাদের প্রতি কৃতজ্ঞতা জানান। সাহসী সৈনিক ও তাদের পরিবারের কল্যাণে সশস্ত্র বাহিনীর পতাকা দিবস তহবিলে অর্থ দান করার জন্য রাজ্যপাল রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।
